বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৫৭

তারিখ: ০৬ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: চট্টগ্রামে চট্টগ্রামভিত্তিক বৃহৎ শিল্প গোষ্ঠীসমূহের সাথে বিএসইসি'র অনুষ্ঠিত সভা প্রসঙ্গে।**

গত ২১ অক্টোবর ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর সাথে চট্টগ্রামভিত্তিক বৃহৎ শিল্প গোষ্ঠীসমূহের সভা অনুষ্ঠিত হয়। চট্টগ্রামে র‍্যাডিসন ব্লু হোটেলে অনুষ্ঠিত উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, বিএসইসি'র কর্মকার্তাবৃন্দ এবং পিএইচপি গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব সুফি মুহাম্মদ মিজানুর রহমান, বিএসআরএম গ্রুপ অফ কোম্পানিজের চেয়ারম্যান জনাব আলীহোসাইন আকবরআলী এফসিএ, প্যাসিফিক জিন্স গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব সৈয়দ মোহাম্মদ তানভীরসহ অন্যান্য স্থানীয় উদ্যোক্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রামভিত্তিক দেশের অন্যতম বৃহৎ শিল্প গ্রুপসমূহের সাথে অনুষ্ঠিত বৈঠকে দেশের পুঁজিবাজারে ভালো মৌলভিত্তিসম্পন্ন শীর্ষস্থানীয় ও স্বনামধন্য কোম্পানি এবং গ্রুপ এর পুঁজিবাজারে আনার বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী খ্যাত চট্টগ্রামে প্রতিষ্ঠিত অনেক শিল্প ও বাণিজ্য রয়েছে। চট্টগ্রামের স্থানীয় বৃহৎ শিল্প গ্রুপসমূহের অধীনে থাকা শক্তিশালী মৌলভিত্তিসম্পন্ন কোম্পানিগুলোকে পুঁজিবাজারে তালিকাভুক্তির বিষয়ে এসময় আলোচনা হয়। এসময় পুঁজিবাজারে তালিকাভুক্তির প্রক্রিয়ার বিভিন্ন বিষয়, তালিকাভুক্তির পথে বিদ্যমান প্রতিবন্ধকতা ও জটিলতা, ব্যাংকের পরিবর্তে পুঁজিবাজারের মাধ্যমে দীর্ঘমেয়াদী অর্থায়ন ও মূলধন সংগ্রহ, তালিকাভুক্তির মাধ্যমে ভালো মৌলভিত্তিসম্পন্ন কোম্পানিগুলোর ব্যবসা সম্প্রসারণ ইত্যাদি বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। একইসাথে পুঁজিবাজারে তালিকাভুক্তির পূর্বাপর কি কি চ্যালেঞ্জ রয়েছে এবং কিভাবে সেসব চ্যালেঞ্জ মোকাবিলা করে ভালো করা যায় এসব বিষয়ে বিএসইসি এবং শিল্প উদ্যোক্তাদের মাঝে খোলামেলা আলাপ হয়।

বৈঠকে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ বলেন, দীর্ঘকাল ধরে এসব কোম্পানি যেভাবে সাফল্য ও সুনামের সাথে দেশে ব্যবসা করে চলেছে এবং দেশের অর্থনীতিতে অবদান রেখে চলেছে, তার ধারাবাহিকতা বজায় রেখে দেশের পুঁজিবাজারেও তাদের অংশগ্রহণ একান্ত কাম্য। বিশ্বেজুড়ে পুঁজিবাজার দেশের অর্থনীতির মূল প্রবৃদ্ধির চালিকাশক্তি হিসেবে কাজ করে। বাংলাদেশের বিভিন্ন খাতের গুরত্বপূর্ণ শক্তিশালী মৌলভিত্তিসম্পন্ন কোম্পানিগুলোকে দেশের পুঁজিবাজারে তালিকাভুক্তির মাধ্যমে দেশের পুঁজিবাজারকে অধিকতর সমৃদ্ধ ও শক্তিশালী করা এবং দেশের শিল্পায়ন ও টেকসই উন্নয়নকে আরো বেশি গতিশীল করা সম্ভব। তাই, দেশের পুঁজিবাজারে ভালো মৌলভিত্তিসম্পন্ন শীর্ষস্থানীয় ও স্বনামধন্য কোম্পানি এবং গ্রুপকে তালিকাভুক্ত করতে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। এক্ষেত্রে বিএসইসি সম্ভাব্য সকল ধরণের সহায়তা প্রদানে প্রস্তুত বলে জানান তিনি।

বৈঠকে পিএইচপি গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব সুফি মুহাম্মদ মিজানুর রহমান অন্যান্যের মধ্যে বলেন, সততা, নিষ্ঠা ও বিশ্বস্ততার সাথে আইন মেনে নিয়মমাফিক ব্যবসা পরিচালনার মাধ্যমে বেসরকারি খাতের দ্বারাও সরকারের রাজস্ব বৃদ্ধির পাশাপাশি দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখা যায় এবং সুনামের সাথে এই কাজটিই পিএইচপি গ্রুপ দীর্ঘদীন ধরে করে আসছে। বিএসআরএম গ্রুপ অফ কোম্পানিজের চেয়ারম্যান জনাব আলীহোসাইন আকবরআলী বৈঠকে অন্যান্যের মধ্যে বলেন, পুঁজিবাজারে তালিকাভুক্তি কোম্পানিগুলোর স্বচ্ছতা বাড়ায় এবং সুশাসন নিশ্চিত করে। তিনি তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তাদের শেয়ার ডি-ম্যাট ফরমে রাখার ক্ষেত্রে যেকোনো ধরনের অনিয়ম রোধে সংশ্লিষ্ট প্রয়োজনীয় সংস্কার আনার ওপর গুরুত্বারোপ করেন। প্যাসিফিক জিন্স গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব সৈয়দ মোহাম্মদ তানভীর বৈঠকে বলেন, দেশে তৈরি পোশাক খাতের কোম্পানিগুলোর ব্যবসা পরিচালনায় বিরাট অঙ্কের চলতি মূলধনের প্রয়োজন হয়। সেক্ষেত্রে বিদ্যমান পুঁজিবাজার হতে মূলধন সংগ্রহের ক্ষেত্রে বিদ্যমান বিধিমালার অধীনে পুঁজির ব্যবহার(Utilization) নিয়ে কিছু জটিলতা রয়েছে যার সংস্কার হলে, তৈরি পোশাক খাতের কোম্পানিসমূহের জন্য পুঁজিবাজার হতে অর্থায়নের সুযোগ সৃষ্টির পাশাপাশি এই খাতের জন্য সুফল বয়ে আনবে।

বিএসইসি'র এই ফলপ্রসূ বৈঠক ও আন্তরিক প্রচেষ্টার ফলশ্রুতিতে বাংলাদেশের পুঁজিবাজারে আগামীতে ভালো মৌলভিত্তিসম্পন্ন কোম্পানির তালিকাভুক্তি হবে বলেই বিএসইসি'র প্রত্যাশা। এর মাধ্যমে দেশের পুঁজিবাজারে নতুন গতি আসবে এবং বাজার আরো প্রাণবন্ত রূপ পাবে বলে আশা করা যায়।

22-10-2024
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

